গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
আইসিটি শাখা
www.tangail.gov.bd

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৩০.৯৩০০.০২৫.০৪.০০৬.১৭.৮২

অফিস আদেশ

রূপকল্প ২০৪১-এর অভীষ্ট স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নাগরিককেন্দ্রিক, স্বচ্ছ ও জবাবদিহিমূলক এবং কাগজবিহীন, উপাত্ত নির্ভর, আন্তঃসংযুক্ত, আন্তঃচালিত, সমন্বিত, স্বয়ংক্রিয় স্মার্ট সরকার ব্যবস্থা নিশ্চিতকরণে মন্ত্রিপরিষদ বিভাগের ১৬ নভেম্বর ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৮৩২.১৮.০০১.২৩-৭৭ নম্বর প্রজ্ঞাপনের আলোকে জেলা কমিটি সংশোধন, বিয়োজন পরিমার্জন করে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে জেলা ইনোভেশন কমিটি পুনর্গঠন করা হলো:

ক্রম	কর্মকর্তার নাম	পদবী	কমিটিতে পদ	মোবাইল ও ইমেইল
১.	এ, এম, জহিরুল হায়াত	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), টাঙ্গাইল	চিফ ইনোভেশন অফিসার, টাঙ্গাইল	০১৩২৯৬৩৮৮৮৪ adceduicttangail@mopa.gov.bd
২.	প্রফেসর ড. আহসান হাবীব	আইসিটি বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (লিয়েন সিএসই বিভাগ, গ্রীন ইউনিভার্সিটি অব বাংলাদেশ)	সদস্য	০১৭৪৮৯২৯৭২০ ahsan.habib.tareq@gmail.com
৩.	মো: আবুল কালাম আজাদ	জেলা মৎস্য কর্মকর্তা, টাঙ্গাইল	ঐ	০১৭১১১৯৩৩৮৪ akazadpln@gmail.com
৪.	ড. উৎপল কুমার	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, টাঙ্গাইল	ঐ	০১৭১২৭০৩৩৭৩ uksrdi@yahoo.com
৫.	রেবেকা সুলতানা	জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল	ঐ	০১৭৩২৬০৫৫৬৯ deotangail@gmail.com
৬.	সুব্রত কুমার বণিক	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল	ঐ	০১৮১৯৬৩২৬২৭ dpeotanga@gmail.com
৭.	কৃষ্ণ চন্দ্র ধর	সহকারী অধ্যাপক, সরকারী কুমুদিনী মহিলা কলেজ, টাঙ্গাইল	ঐ	০১৭১১২৭৭৩০৯
৮.	মো: রাকিবুল ইসলাম	প্রোগ্রামার (চলতি দায়িত্বে)	ঐ	০১৭২৫৬৭৫৫৮০ rakibul.islam@doict.gov.bd

৯.	মো: তৌফিক ইসলাম	সহকারী কমিশনার (আইসিটি)	সদস্য সচিব	০১৭৫০৩৪৫১৮৮ acicttangail@yahoo.com

ইনোভেশন টিমের কার্যপরিধি:

(১) নিজ/আওতাধীন দপ্তরের সেবাপ্রদান প্রক্রিয়া, কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;

(২) এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;

(৩) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;

(৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয়সাধন;

(৫) প্রতি বৎসর ৩১ জুলাই-এর মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ;

(৬) ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট সিটিজেন, স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট সোসাইটি ও স্মার্ট ইকোনমি গড়িতে বিভিন্ন ডিজিটাইজেশন উদ্যোগ গ্রহণ, সরকার কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন ডিজিটাইজেশন উদ্যোগ আত্মীকরণ ও বাস্তবায়ন এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ, তদারকি ও মূল্যায়নের ব্যবস্থাকরণ;

(৭) পরিবর্তনের রূপকার হিসাবে (স্বীয় কার্যালয়ে) সেবা প্রদান, অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম সদস্যগণের কর্মস্পৃহার বিকাশসাধন;

(৮) নিজ/আওতাধীন দপ্তরের আইসিটি, ডিজিটাল লিডারশিপ, ডাটা গভর্নেন্স, ওপেন ডাটা, ডাটা লিডারশিপ, ডাটা এনালাইটিক্স, ডাটা ভিজ্যুয়ালাইজেশন ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিতকরণ, ডাটা-ভিত্তিক প্রজেক্ট গ্রহণ, বাস্তবায়ন, তদারকি এবং সরকারি ডাটা সেন্টারে ডাটা সংরক্ষণ, ডাটা আদান প্রদানে সহজলভ্যতা নিশ্চিতকরণ, ডাটা-নির্ভর সিদ্ধান্ত গ্রহণের সংস্কৃতির বিকাশ এবং ডাটা লিডারশিপ ও উন্নত প্রযুক্তির প্রয়োগকে অগ্রাধিকার প্রদান এবং সমন্বয়সাধন;

(৯) নিজ/আওতাধীন দপ্তরের সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়, নিজ/আওতাধীন দপ্তরে নির্মিত সফটওয়্যারের সোর্স কোড ভেন্ডরের নিকট হইতে বুঝিয়া নেওয়া ও সুরক্ষিতকরণে পদক্ষেপ গ্রহণ, সফটওয়্যার কোয়ালিটি টেস্টিং সার্টিফিকেশন নিশ্চিতকরণ, ই-সেবা বাস্তবায়নে 'মাইগভ' এর মাধ্যমে সেবা প্রদান, ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদান এবং দাপ্তরিক কাজে সরকারি ই-মেইল ব্যবহারে উদ্বুদ্ধকরণ;

(১০) নিজ/আওতাধীন দপ্তরের যাবতীয় তথ্যাবলির সন্নিবেশ করিয়া প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখিবার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ, এবং আরএমএস ও জিআরএস ব্যবহার নিশ্চিতকরণ;

(১১) সরকারি-বেসরকারি সেবা তৈরিতে নাগরিক ও সরকারের অধিকতর সমন্বয় নিশ্চিতকল্পে
ই-পার্টিসিপেশন বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ; এবং ই-ইক্যুয়ালিটি নিশ্চিতকরণের মাধ্যমে ডিজিটাল বৈষম্য হ্রাসকল্পে উদ্যোগ গ্রহণ;

(১২) নিজ/আওতাধীন দপ্তরের উদ্ভাবনী উদ্যোগসমূহে চতুর্থ শিল্প বিপ্লব/অগ্রসরমান প্রযুক্তির প্রয়োগ/ব্যবহার বৃদ্ধিকরণ এবং এই সকল প্রযুক্তিকে সম্পৃক্ত করিয়া নাগরিককেন্দ্রিক স্মার্ট সেবা প্রদান নিশ্চিতকরণ;

(১৩) নিজ/ আওতাধীন দপ্তরের কোনো উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং সফলভাবে বাস্তবায়িত হইলে সম্ভাব্যতা যাচাইপূর্বক তা স্কেল-আপের ব্যবস্থা গ্রহণ এবং স্কেল-আপ হওয়া সফল উদ্ভাবনী উদ্যোগসমূহ অব্যাহত রাখিতে প্রয়োজনীয় তদারকি ও সহযোগিতা প্রদান;

(১৪) নিজ দপ্তরের কার্য/সেবার অনুরূপ কোনো কার্য/সেবার ক্ষেত্রে অন্যান্য সংস্থা'র কোনো উদ্ভাবনী উদ্যোগসমূহ অনুসন্ধান করা এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্য সংস্থা'র সফল উদ্যোগ প্রয়োজনীয় পরিমার্জনপূর্বক নিজ দপ্তরে অনুকরণ/অনুসরণের জন্য ব্যবস্থা গ্রহণ;

(১৫) নিজ/আওতাধীন দপ্তরসমূহের উদ্ভাবনী উদ্যোগসমূহকে উৎসাহ ও সহযোগিতা প্রদান এবং গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহের "শো-কেসিং"-এর ব্যবস্থা গ্রহণ;

(১৬) নাগরিকসেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;

(১৭) সাইবার নিরাপত্তা ও উপাত্ত সুরক্ষা নিশ্চিতকরণে উদ্যোগ গ্রহণ;

(১৮) বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BNDA)-এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শমানে আনয়ন (standardization) এবং ইন্টিগ্রেশন ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ;

(১৯) জাতীয় আইসিটি নীতিমালা ২০১৮ এ বর্ণিত ICT Action Plan-এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;

(২০) স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন; এবং

(২১) তথ্য অধিকার আইন অনুসারে স্ব স্ব কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহিত সমন্বয়সাধন।

২৮-০৭-২০২৪
মোঃ কায়ছারুল ইসলাম
জেলা প্রশাসক, টাঙ্গাইল
০২৯৯৭৭১৪৯০২
dctangail@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৯৩০০.০২৫.০৪.০০৬.১৭.৮২/১ (১২)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১। সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ ;

২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা;

৩। এ, এম, জহিরুল হায়াত, অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল;

৪। প্রফেসর ড. আহসান হাবীব, আইসিটি বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (লিয়েন সিএসই বিভাগ, গ্রীন ইউনিভার্সিটি অব বাংলাদেশ), টাঙ্গাইল;

৫। মোঃ আবুল কালাম আজাদ, জেলা মৎস্য কর্মকর্তা (রুটিন দায়িত্ব), জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, টাঙ্গাইল;

৬। ড. উৎপল কুমার, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, টাঙ্গাইল;

৭। রেবেকা সুলতানা, জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল;

৮। সুব্রত কুমার বণিক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, টাঙ্গাইল;

৯। কৃষ্ণ চন্দ্র ধর, সহকারী অধ্যাপক, সরকারী কুমুদিনী মহিলা কলেজ, টাঙ্গাইল;

১০। উপজেলা নির্বাহী অফিসার,......................... (সকল), টাঙ্গাইল।;

১১। মো: তৌফিক ইসলাম, সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এবং

১২। মো: রাকিবুল ইসলাম, প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, টাঙ্গাইল।

২৮-০৭-২০২৪
মোঃ কায়ছারুল ইসলাম
জেলা প্রশাসক